



রাজশাহীতে সাজিদের জানাজায় মানুষের ঢল, দাফন সম্পন্ন



সংগৃহীত ছবি

রাজশাহীর তানোরে পরিত্যক্ত গভীর নলকূপে পড়ে প্রাণ হারানো দুই বছরের শিশু সাজিদকে শেষ বিদায় জানাতে শুক্রবার (১২ ডিসেম্বর) সকাল থেকেই গ্রামজুড়ে শোকের আবহ নেমে আসে। কোয়েলহাট গ্রামের জানাজা মাঠে সকাল থেকেই বিভিন্ন বয়সী মানুষের ঢল নামে। শিশু থেকে বৃদ্ধ সবাই অকালপ্রয়াত সাজিদের জন্য কান্নায় ভেঙে পড়ে। জানাজা শেষে তাকে বাড়ির পাশের কবরস্থানে দাফন করা হয়।

ঘটনার সূত্রপাত বুধবার (১০ ডিসেম্বর) দুপুরে। বাড়ির সামনে মায়ের সঙ্গে হাঁটার সময় খড় দিয়ে ঢাকা ছিল এমন একটি পরিত্যক্ত গভীর নলকূপের গর্তে পড়ে যায় সাজিদ। প্রায় ৩২ ঘণ্টা উদ্ধার অভিযান শেষে বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) রাতে তাকে উদ্ধার করা হলেও তানোর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পর চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। পরিবার ও স্থানীয়রা জানান, জমির ওপর খড় থাকায় সাজিদের মা বুঝতেই পারেননি নিচে রয়েছে একটি অরক্ষিত গভীর নলকূপের মুখ। সাজিদ গর্তে পড়ে যাওয়ার পর খড় সরিয়ে সেই মৃত্যুকূপের অস্তিত্ব টের পান তিনি।

স্থানীয়দের অভিযোগ—গত বছর এলাকার এক ব্যক্তি গভীর নলকূপ স্থাপনের চেষ্টা করেছিলেন। পানি না পাওয়ায় ১২০ ফুট গভীর ওই পাইপটি মুখ খোলা অবস্থায় ফেলে রাখা হয়। দীর্ঘদিন কোনো সুরক্ষা ব্যবস্থা না থাকায় এবং বর্ষায় গর্তের মুখ আরও বড় হয়ে যাওয়ায় অবশেষে ঘটে এ মর্মান্তিক দুর্ঘটনা।

পুরো গ্রাম আজ সাজিদের আকস্মিক মৃত্যুর শোক বয়ে বেড়াচ্ছে। শিশুটির রুহের মাগফিরাত কামনা করে দোয়া করছেন সবাই।